

২০২৪-২৫ অর্থবছরে উপজেলা পরিষদের মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক কমিটির চতুর্থ সভার কার্যবিবরণী

সভাপতিঃ ভূপালী সরকার

প্রশাসক

উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।

স্থানঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার দপ্তর, ঝিকরগাছা, যশোর।

তারিখঃ ৩০/০১/২০২৫ খ্রিঃ

উপস্থিতির তালিকাঃ সংযুক্ত

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে স্বাগত এবং শুভেচ্ছা জানান। তিনি সদস্য সচিব উপজেলা প্রাণিসম্পদ অফিসার কে সভার কার্যক্রম সম্পর্কে বিস্তারিত উপস্থাপনের অনুরোধ জানান। সদস্য সচিব উপস্থিত সদস্যবৃন্দকে জানান যে, তাঁর দপ্তর উপজেলা পরিষদের বাইরে অবস্থিত এবং পৌরসভার অন্তর্ভুক্ত। দপ্তরের মূল বিল্ডিং বহু পুরনো এবং নিচু এলাকা যেখানে ২-৩ দিনের বৃষ্টিতেই জলাবদ্ধতা সৃষ্টি হয়ে যায় যা সেবা নিতে আসা খামারিদের দুর্ভোগ বাড়িয়ে দেয়। এজন্য তিনি উপজেলা পরিষদ/পৌরসভা/উপজেলার বার্ষিক উন্নয়ন তহবিলের বরাদ্দ থেকে (প্রকল্প আকারে) বিভিন্ন সহযোগিতার আবেদন করেন। এসবের মধ্যে উল্লেখযোগ্য হল:- জলাবদ্ধতা নিরসনে দপ্তরের অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ ও মাটি ভরাট, দাপ্তরিক নিরাপত্তা রক্ষার্থে সিসিটিভির ব্যবস্থা এবং পৌরসভা থেকে জরুরী ভিত্তিতে ০২ টি লাইটের (LED Flood Light) ব্যবস্থা। জরুরী ভিত্তিতে উল্লেখিত বিষয়গুলোর ব্যবস্থা করা গেলে প্রাণিসম্পদের সার্বিক উন্নয়ন সম্ভব হবে।

এরপর সদস্য সচিব কমিটির অপর সম্মানিত সদস্য সিনিয়র উপজেলা মৎস্য অফিসার কে তাঁর দপ্তরের আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য বলেন। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভাকে অবহিত করেন যে, প্রাণিসম্পদ বিভাগের পাশাপাশি মৎস্য বিভাগ ও নিরাপদ প্রাণিজ্ঞ আমিষ উৎপাদনে নিরলসভাবে কাজ করে যাচ্ছে কিন্তু অত্র উপজেলায় সঠিক না মৎস্য জরিপ না থাকায় মাছের প্রজাতি, সংখ্যা, বিতরণ, আবাসস্থল, এবং মৎস্য আহরণের পরিমাণ ইত্যাদি তালিকাভুক্ত করা যাচ্ছে না। তাই অত্র উপজেলার মৎস্য সম্পদের অবস্থা মূল্যায়ন, খামার ব্যবস্থাপনা, মৎস্য ব্যবস্থাপনার জন্য কৌশল তৈরি, মাছের আবাসস্থল রক্ষা, নতুন মৎস্য ক্ষেত্র চিহ্নিত করা, মাছের মজুদ এবং মৎস্য শিল্পের টেকসই ব্যবস্থাপনার জন্য দ্রুত মৎস্য জরিপ করা প্রয়োজন। কিন্তু পর্যাপ্ত জনবল কাঠামো না থাকায় কার্যকর উদ্যোগ গ্রহণ করা যাচ্ছে না। সভায় উপস্থাপিত সকল বিষয়ে আলোচনা পর্যালোচনা শেষে সকল সদস্য একমত পোষন করেন এবং সভাপতি মহোদয় সদস্য সচিব ও সিনিয়র উপজেলা মৎস্য অফিসার কে আলোচ্য বিষয়াদি সংক্রান্ত প্রকল্প বা আবেদন তীব্র/পৌর প্রশাসক বরাবর জমা দেওয়ার জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্তসমূহঃ (১) উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ঝিকরগাছা, যশোর উপজেলার উন্নয়ন তহবিল/উপজেলা পরিষদ/পৌরসভা হতে আলোচ্য বিষয়াদি সংক্রান্ত বরাদ্দ পেতে প্রকল্প বা আবেদন জমা দিবেন।

(২) সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ঝিকরগাছা, যশোর সঠিক মৎস্য জরিপ করার জন্য কার্যকর উদ্যোগ গ্রহণ করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।


(ভূপালী সরকার)
প্রশাসক

উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর

ও

সভাপতি

উপজেলা পরিষদের মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি।